

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।

নং-৫১.০১.৯০৯২.০০০.৯৬.০১১.১৯/৫৫৮

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬
০৬ অক্টোবর ২০১৯

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১ম পর্যায় প্রকল্প তালিকাসহ প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৯.৫১৬ তারিখ: ০২/১০/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১ম পর্যায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত এ উপজেলায় সর্বমোট ১১৯০ জন উপকারভোগীর শ্রম-মজুরী বাবদ ৯৫,২০,০০০/- (পচানব্বই লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত কর্মসূচির কার্যক্রম শুরু করার নিমিত্ত উপকারভোগীর নামের তালিকা (সংযুক্ত ছকে) দাখিল, সংশ্লিষ্ট সকল ইউনিয়নের পাশ্বে উল্লিখিত পরিমাণ জবকার্ড সংখ্যা অনুযায়ী এমআইএস এর সম্ভাব্য বিভাজনের ভিত্তিতে প্রকল্প তালিকা এবং নন-ওয়েজ কন্সট এর প্রকল্প প্রস্তাব এ কার্যালয়ে দাখিল করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ক্র: নং	ইউনিয়নের নাম	জব কার্ড সংখ্যা	শ্রম-মজুরী (টাকা)	নন-ওয়েজ কন্সট (টাকা)
০১	জয়কলস	১৯৫ টি	১৫,৬০,০০০/-	১,০০,০০০/-
০২	শিমুলবীক	১৭৪ টি	১৩,৯২,০০০/-	১,০০,০০০/-
০৩	পশ্চিম পাগলা	১২২ টি	৯,৭৬,০০০/-	১,০০,০০০/-
০৪	পূর্ব পাগলা	১২৪ টি	৯,৯২,০০০/-	-
০৫	দরগাপাশা	১৫৩ টি	১২,২৪,০০০/-	১,০০,০০০/-
০৬	পূর্ববীরগাঁও	১১২ টি	৮,৯৬,০০০/-	-
০৭	পশ্চিম বীরগাঁও	১৬৮ টি	১৩,৪৪,০০০/-	-
০৮	পাথারিয়া	১৪২ টি	১১,৩৬,০০০/-	-
মোট=		১১৯০ টি	৯৫,২০,০০০/-	৪,০০,০০০/-

শর্তাবলী:

- উক্ত কর্মসূচির উপকারভোগীর নামের তালিকা (সংযুক্ত ছকে) প্রকল্প তালিকা ও নন-ওয়েজ কন্সট দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প প্রস্তাব ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ১৫/১০/২০১৯ তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ৩৩% মহিলা উপকারভোগী নির্বাচন করতে হবে।
- বয়স ১৮-৬০ বৎসরের মধ্যে উপকারভোগী নির্বাচন করতে হবে।
- সরকারের অন্য কোন সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির অধীনে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীগণকে এ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা যাবে না।
- একই ইউনিয়নে সর্বোচ্চ পাঁচটি দৃশ্যমান প্রকল্প গ্রহণ করতে হবে।
- ২৫ জনের কম উপকারভোগী দিয়ে প্রকল্প গ্রহণ করা যাবে না।
- কার্যবিবরণী, প্রকল্পের অগ্রাধিকার নির্ণয়ের মানদণ্ডের হিসাব ছক, সুবিধাভোগীর তথ্য বিষয়ক প্রোফরমা ও ইউনিয়ন পরিকল্পনা প্রোফরমা পূরণ করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।
- প্রকল্প তালিকার সাথে প্রকল্পওয়ারী শ্রমিক সরদারের নাম ঠিকানা ও মোবাইল নম্বর দাখিল করতে হবে।
- শ্রমিকের জবকার্ডে অবশ্যই উল্লিখিত জবকার্ড নম্বর বসাতে হবে।
- দাখিলকৃত শ্রমিক তালিকা চূড়ান্ত তালিকা হিসেবে গন্য হবে। কোন অবস্থাতেই তা পরিবর্তন, পরিবর্ধন করা যাবে না।
- একই প্রকল্পে একাধিক অংশ দেওয়া/অন্তর্ভুক্ত করা যাবে না।

- সংযুক্তি: (ক) প্রকল্পের অগ্রাধিকার নির্ধারনী তথ্য ছক ১ (এক) কপি।
(খ) প্রকল্পের অগ্রাধিকার নির্ণয়ে মানদণ্ডের হিসাব ছক ১(এক) কপি।
(গ) ইউনিয়ন পরিকল্পনা প্রোফরমা ১(এক) কপি।

চেয়ারম্যান.....(সকল) ইউপি,
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।

নং-৫১.০১.৯০৯২.০০০.৯৬.০১১.১৯/৫৫৮

সদয় জ্ঞাতার্থে:

- জনাব এম.এ.,মান্নান, এম.পি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।
- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
- অফিস নথি।

(মোঃ শাহাদাত হোসেন ভূঞা)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।

(স্বাক্ষর)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬
০৬ অক্টোবর ২০১৯

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।